

একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৭৭৬.১৩- ৪০০৫

০১/১১/২০১৬ খ্রিস্টাব্দ।

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পটি বর্তমান সরকারের একটি অগ্রাধিকারপ্রাপ্ত নারীর ক্ষমতায়ন ও পল্লী উন্নয়ন প্রকল্প। প্রকল্পটি জানুয়ারী/২০১২ হতে ডিসেম্বর/২০১৬ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। বর্তমানে প্রকল্পের সকল কার্যক্রম মাইক্রোফাইন্যান্স এমআইএস সফটওয়্যারের মাধ্যমে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পের সামগ্রিক অগ্রগতি উপজেলার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা ও আন্তরিকতার উপর নির্ভর করে; কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, কিছু কিছু কর্মকর্তা/কর্মচারীর অদক্ষতা, আন্তরিকতা, দায়িত্ব পালনে অবহেলা ও অনিহার কারণে কিছু উপজেলায় প্রকল্প কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক নয়। আগামী ডিসেম্বর/২০১৬ খ্রিস্টাব্দে প্রকল্পের মেয়াদ সমাপ্ত হবে তবে প্রকল্পটির ব্যয় ও মেয়াদ বৃদ্ধির প্রস্তাব অনুমোদনের প্রক্রিয়াধীন রয়েছে। প্রকল্পের যে সকল কর্মকর্তা/কর্মচারী নির্ধারিত সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনসহ নিজস্ব দক্ষতার সাথে যথাযথভাবে দায়িত্ব পালন করছেন প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রস্তাব অনুমোদন হলে প্রকল্পের পরবর্তী মেয়াদের জন্য শুধুমাত্র তাদের চুক্তির মেয়াদ বৃদ্ধির বিষয়টি বিবেচনা করা হবে। তাই আগামী জানুয়ারী/২০১৭ খ্রিস্টাব্দে প্রত্যেক কর্মকর্তা/কর্মচারীর প্রকল্প কার্যক্রম বাস্তবায়ন ও দক্ষতার বিষয়ে নিম্নোক্ত ছকে উল্লেখিত মানদণ্ডের আলোকে বাপার্ড, কোটালীপাড়ায় মূল্যায়ন পরীক্ষা অনুষ্ঠিত হবে। উক্ত পরীক্ষায় যে সকল কর্মকর্তা/কর্মচারী ৮০% বা তদুর্ধ্ব নম্বর পাবেন শুধুমাত্র তাদের চুক্তিভিত্তিক চাকুরীর মেয়াদ বৃদ্ধির বিষয়টি বিবেচিত হবে। উল্লেখ্য কৃষি প্রশিক্ষণ সমন্বয়কদের ক্ষেত্রে যারা এআরডিও এর দায়িত্ব পালন করছেন এআরডিও মূল্যায়ন ছকের আলোকে তাদেরকে মূল্যায়ন করা হবে এবং অন্যান্যদের ক্ষেত্রে বিশেষভাবে মূল্যায়নের উদ্যোগ নেয়া হবে।

ছকঃ ১ (এআরডিও মূল্যায়ন, মোট নম্বর-১০০)

মানদণ্ড	প্রশাসনিক ও আর্থিক দক্ষতা	সুফলভোগী সদস্যদের উদ্বুদ্ধ করণে দক্ষতা	কম্পিউটার জ্ঞানসহ সফটওয়্যার ব্যবহারে দক্ষতা	সমন্বিতভাবে ঋণ কার্যক্রম পরিচালনায় দক্ষতা	সহকর্মীদের মাধ্যমে কাজ আদায়ের দক্ষতা	উপজেলার নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন
নম্বর	১০	১০	৫০	১৫	৫	১০


ছকঃ ২ (হিসাব সহকারী মূল্যায়ন, মোট নম্বর-১০০)

মানদণ্ড	হিসাব সংক্রান্ত কাজে দক্ষতা	কম্পিউটার জ্ঞানসহ সফটওয়্যার ব্যবহারে দক্ষতা	হালনাগাদ হিসাবসহ খাতাপত্র লিখন
নম্বর	৩০	৬০	১০

ছকঃ ৩ (মাঠ সংগঠক মূল্যায়ন, মোট নম্বর-১০০)


মানদণ্ড	সমিতি গঠন, সঞ্চয় আদায়, ঋণ বিতরণ ও আদায়ের দক্ষতা	মোবাইল এ্যাপস ব্যবহারে দক্ষতা	সুফলভোগী সদস্যদের উদ্বুদ্ধ করণে দক্ষতা	উর্ধ্বতন কর্তৃপক্ষের সঙ্গে সমন্বিতভাবে ঋণ কার্যক্রম পরিচালনায় দক্ষতা
নম্বর	৫০	২৫	১৫	১০

২। এমতবস্থায়, অত্র প্রকল্পে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীদেরকে আগামী ০২ মাসের মধ্যে প্রকল্প কর্মকাণ্ডের উপর আরও দক্ষতা বৃদ্ধিসহ আন্তরিকভাবে প্রকল্প কার্যক্রমের কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে নির্দেশ প্রদান করা হলো। ব্যর্থতায় বর্ণিত নির্দেশনা মোতাবেক তাদের চুক্তির মেয়াদ বৃদ্ধি না করে বাতিল করা হবে।


(প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম)
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।

সদয় অবগতি জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। উপপরিচালক, বিআরডিবি, -----জেলা।
- ২। প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৩। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, -----উপজেলা -----, জেলা।
- ৫। পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
- ৬। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, -----উপজেলা, -----জেলা।
- ৭। হিসাবসহকারী/মাঠ সংগঠক (ইরেসপো), বিআরডিবি, -----উপজেলা, -----জেলা।
- ৮। অফিস কপি।


(মোঃ আরিফুল হক)

উপ-প্রকল্প পরিচালক (প্রশাসন)
ইরেসপো, বিআরডিবি, ঢাকা।